

গণবঙ্গতায় ড. মুসফিক মঙ্গা বিদায়ের দাবি শতভাগ সঠিক নয়

■ সমকাল প্রতিবেদক

সরকারের বিভিন্ন মহল থেকে মঙ্গা বিদায় নেওয়ার যে দাবি করা হচ্ছে, তা শতভাগ সঠিক নয়। উত্তরবঙ্গে এখনও মৌসুমি মঙ্গার অস্তিত্ব আছে। বাংলাদেশসহ বিশ্বের অনেক দেশে এখনও শতকোটি মানুষ মৌসুমি দারিদ্র্যের শিকার। বিশেষ করে ফসল তোলার কয়েক দিন আগে মৌসুমি দারিদ্র্য প্রকট আকার নেয়। এ সময় মানুষ অপুষ্টিকর এবং কম খাদ্য গ্রহণ করে। কয়েক দিনের এ ক্ষতি সারাজীবনের স্বাস্থ্যহানির কারণ হয়ে দাঁড়ায়। বিনিয়োগ ও উৎপাদনশীলতায় এর নেতৃত্বাচক প্রভাব পড়ে।

যুক্তরাষ্ট্রের ইয়েলস ইউনিভার্সিটির অর্থনীতির অধ্যাপক ড. আহমেদ মুসফিক মুবারক এক গণবঙ্গতায় এ পর্যবেক্ষণ তুলে ধরেছেন। 'মৌসুমি দারিদ্র্য : খণ্ড ও রেমিট্যাঙ্ক' শীর্ষক একক এ বঙ্গতার আয়োজন করেছে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান বিআইডিএস।

ড. আহমেদ মুসফিক বলেন, সাধারণত সেপ্টেম্বর থেকে নভেম্বর পর্যন্ত মৌসুমি দারিদ্র্য বেশি দেখা যায়। লালমনিরহাট ও কুড়িগ্রামের মৌসুমি দারিদ্র্যের ওই সময়ে এমন অসহায় অবস্থায় পড়ে যে, কাজের খৌজে অন্য জেলায় যাওয়ার মতো বাস ভাড়াও তাদের থাকে না।

রাজধানীর আগারগাঁওয়ে বিআইডিএস কার্যালয়ে এ আয়োজন করা হয়। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিআইডিএসের মহাপরিচালক ড. বিনায়ক সেন।